# মোংলা পোর্ট পৌরসভা কার্যালয়

মোংলা, বাগেরহাট।

স্থাপিত ঃ ১৯৭৫ খ্রিঃ

ফোন ঃ ০৪৬৫৮-৭৩৪৯৫, ফোন / ফ্যাক্স ঃ ০৪৬৫৮-৭৩৪৯০

e-mail: pourashavamongla@yahoo.com, Website: www.monglaportmunicipality.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং মোপৌ/সাশা/৪৩/২৫ — ৫১ তারিখ ঃ ০৩/০২/২৬

## "ইজারা দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোংলা পোর্ট পৌরসভাধীন নিম্নবর্ণিত স্থাপনা সমূহ বাংলা ১৪৩৩ সালের (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত) ১ (এক) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ইজারাদারের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

### বাংলা ১৪৩৩ সনের ইজারা যোগ্য স্থাপনা/মহলের তালিকা ঃ

| ক্রমিক নং | ইজারা প্রকল্পের নাম | প্রাক্কলিত সরকারি মূল্য | দরপত্রের মূল্য |
|---|---|---|---|
| ১) | রিভার সাইড পাবলিক টয়লেট | ২৯,৮৩৩/- | ৫০০.০০ |
| ২) | রিভার সাইড পরিবেশ বান্ধব পাবলিক টয়লেট। | ৫৭,৬৩৩/- | ৫০০.০০ |
| ৩) | বাস ষ্ট্যান্ড যাত্রী ছাউনীর পাবলিক টয়লেট | ১৫,৮৫০/- | ৫০০.০০ |
| ৪) | আন্তঃ জেলা ফেরীঘাট/খেয়াঘাট (মোংলা ফেরীঘাট পল্টুন এপাড় ওপাড় ভায়া আমতলা, কাটাখালী, বানীশান্তা চিলা, জয়মনি করমজল, অভিমুখী খেয়াঘাট) | ২,১২,৮৬২/- | ১,২০০.০০ |
| ৫) | পৌরসভার কসাইখানা | ৬২,৫০২/- | ৫০০.০০ |
| ৬) | ট্রাক, কাভার্ডভ্যান, মিনিট্রাক ও পিক-আপ চলাচলের উপর রোড ড্যামেজ | ১,১২,৬৬৭/- | ১০০০.০০ |

### দরপত্র প্রাপ্তি এবং দাখিলের স্থান ও তারিখ ঃ

**দরপত্র প্রাপ্তির স্থান সমূহ ঃ** জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বাগেরহাট; পুলিশ সুপারের কার্যালয়, বাগেরহাট; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোংলা; মোংলা পোর্ট পৌরসভা, মোংলা; সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মোংলা; সোনালী ব্যাংক লিঃ, মোংলা শাখা, মোংলা, বাগেরহাট।

**দরপত্র দাখিলের স্থান সমূহ ঃ** জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বাগেরহাট; পুলিশ সুপারের কার্যালয়, বাগেরহাট; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোংলা; মোংলা পোর্ট পৌরসভা, মোংলা; সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মোংলা, বাগেরহাট।

### দরপত্র ফরম বিক্রয়, দাখিল ও খোলার সময়সূচী ঃ

| পর্যায়/দফা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় হতে | দরপত্র দাখিলের সময় পর্যন্ত | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|---|---|
| ১ম | ২৩/০২/২০২৬খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৪/০২/২০২৬খ্রি. | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |
| ২য় | ১০/০৩/২০২৬খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১১/০৩/২০২৬খ্রি. | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |
| ৩য় | ৩০/০৩/২০২৬খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ৩১/০৩/২০২৬খ্রি. | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |

শর্তাবলী ঃ

১। দরপত্রদাতাকে দরপত্রের সাথে তপসিলি ব্যাংক হতে দাখিলকৃত দরের ৩০% অর্থ জামানত হিসাবে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে প্রশাসক, মোংলা পোর্ট পৌরসভা, মোংলা, বাগেরহাট বরাবর দাখিল করতে হবে। দরপত্র ক্রয়ের রশিদ দরপত্রের সাথে দাখিল করতে হবে।

২। প্রথম পর্যায়ে যদি কোন ইজারা স্থাপনার অনুকূলে দাখিলকৃত দরপত্র অনুমোদিত হয় তা হলে ঐ স্থাপনার নাম দ্বিতীয় পর্যায় বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে এবং দ্বিতীয় পর্যায়ে যদি কোন ইজারা স্থাপনার অনুকূলে দাখিলকৃত দরপত্র অনুমোদিত হয় তা হলে ঐ স্থাপনার নাম তৃতীয় পর্যায়ে দরপত্রে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে।

৩। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী মোংলা পোর্ট পৌরসভা কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা ও দেখা যাবে।

৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/০২/২৬

(শারমিন আক্তার সুমী)
প্রশাসক
মোংলা পোর্ট পৌরসভা
মোংলা, বাগেরহাট



* নিয়মিত পৌরকর পরিশোধ করুন। * আপনার শিশুকে টীকা দিন। * শহর পরিচ্ছন্ন রাখুন। * আপনার শিশুকে স্কুলে পাঠান।

# মোংলা পোর্ট পৌরসভা কার্যালয়
মোংলা, বাগেরহাট।
স্থাপিত ঃ ১৯৭৫ খ্রিঃ
ফোন ঃ ০৪৬৫৮-৭৩৪৯৫, ফোন / ফ্যাক্স ঃ ০৪৬৫৮-৭৩৪৯০
e-mail: pourashavamongla@yahoo.com, Website: www.monglaportmunicipality.gov.bd


স্মারক নং........................................ তারিখ ঃ........................................

## বাংলা ১৪৩৩ সনের ইজারা যোগ্য স্থাপনা/মহলের ইজারার শর্তাবলী ঃ

১। বাংলা ১৪৩৩ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র; ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য ইজারা প্রদান করা হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, মোংলা পোর্ট পৌরসভা, মোংলা, বাগেরহাট-এর অনুকূলে জমা দিতে হবে অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত ইজারা স্থাপনা পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। ইজারা বৎসর শেষে জামানতের অব্যবহৃত টাকা জমাকারী বরাবর ফেরত প্রদান করা হবে। ইজারা কার্যক্রম সম্পন্ন হওয়ার পর অর্থাৎ সফল দরদাতার অনুকূলে ইজারা স্থাপনার দখল অর্পণের পর ১ (এক) মাসের মধ্যে অন্যান্য দরদাতাগণের জামানত ফেরত প্রদান করা হবে। তবে কোন সফল দরদাতা পাওয়া না গেলে পরবর্তী বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে সকল দরদাতার জামানত ফেরত প্রদান করা হবে।

৩। অনুমোদিত সফল দরদাতা অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের সহিত দাখিলকৃত জামানতের শতকরা ২০ (বিশ) ভাগ অর্থ বাদে ইজারার অবশিষ্ট ৮০ (আশি) ভাগ অর্থ পৌরসভার নির্ধারিত তহবিলে জমা প্রদান করতে হবে এবং জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত ভ্যাট ও আয়কর সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করবেন। অন্যথায়, তার দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে এবং জামানত হিসেবে জমাদানকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের মধ্যে রেসপন্সিভ সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা হবে এবং উক্ত দরের অঙ্ক যদি সংশ্লিষ্ট স্থাপনার সরকারি মূল্য হতে কম হয়, তবে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

৫। এক স্থাপনার জন্য ক্রয়কৃত দরপত্র অন্য স্থাপনার দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত স্থাপনার দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও ইজারা স্থাপনার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং দরপত্রের সঙ্গে সংযুক্ত সকল কাগজপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরপত্র দাতার স্বাক্ষর করতে হবে। প্রত্যেক স্থাপনার জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে ইজারা স্থাপনার দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৯। ইজারাদার কোনক্রমেই স্থাপনা অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। গৃহীত দরের সম্পূর্ণ টাকা (ভ্যাট, আয়করসহ) পরিশোধের পর অনুমোদিত দরপত্র দাতার নিকট নির্ধারিত চুক্তিনামা সম্পাদনপূর্বক চুক্তি স্বাক্ষরের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে স্থাপনার দখল বুঝিয়ে দেয়া হবে।

১১। দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৩। দরপত্রে দরপত্রদাতাকে উদ্বৃত্ত দরের টাকার পরিমাণ অংকে ও কথায় পরিষ্কার ভাবে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন রূপ কাটাকাটি, ঘষামাজা, ফ্লুইট ব্যবহার করলে দরপত্র বাতিল বলে গন্য হবে;

১৪। স্থাপনা ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৫। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৬। দরপত্র বিক্রয়, দরপত্র দাখিল কিংবা দরপত্র বাক্স খোলার জন্য ক্যালেন্ডারে নির্ধারিত তারিখে কোন কারণে সরকারি ছুটি থাকলে কিংবা ঘোষিত হলে তৎপরবর্তী কর্মদিবস দরপত্র বিক্রয়, দরপত্র দাখিল কিংবা দরপত্র বাক্স খোলার জন্য নির্ধারিত হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। এছাড়াও নিম্নবর্ণিত কারণে দরপত্র বাতিল বলে গণ্য হবেঃ-

(ক) যদি দরপত্র দাতা অতিরিক্ত শর্ত আরোপ করেন।

(খ) ইজারাদারকে স্থাপনার সীমানা বহাল রাখতে হবে এবং অন্তর্গত কোন জায়গা টোল আদায় ব্যতিত অন্য কোন উদ্দেশ্য ব্যবহার করা যাবে না।

(গ) দরপত্রের সাথে স্থায়ী বাসস্থানের নাগরিক সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ট্রেড লাইসেন্স ও দরপত্র ক্রয়ের রশিদ সংযুক্ত করে দাখিল করতে হবে।

02/02/25

(শারমিন আক্তার সুমী)
উপজেলা নির্বাহী অফিসার, মোংলা
ও
প্রশাসক
মোংলা পোর্ট পৌরসভা
মোংলা, বাগেরহাট।



* নিয়মিত পৌরকর পরিশোধ করুন। * আপনার শিশুকে টীকা দিন। * শহর পরিচ্ছন্ন রাখুন। * আপনার শিশুকে স্কুলে পাঠান।